**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা আজ, আগরতলা সরকারি ডেন্টাল কলেজ ও আই জি এম হাসপাতালে থ্রি-ডি প্রিন্টিং সেন্টারের উদ্বোধন করেন ।**

**(২) রাজীব ভট্টাচার্য আজ রাজ্যসভার সাংসদ হিসাবে শপথ গ্রহণ করেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বৈশ্বিক সমস্যার স্থানীয় সমাধান খোঁজার ওপর জোর দিয়েছেন ।**

**(৪) মধ্যপ্রদেশের নিমুচিতে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৪ বছরের বালিকাদের সাবজুনিয়র ফুটবলের গ্রুপের দ্বিতীয় ম্যাচে ত্রিপুরা বড় ব্যবধানে জয়লাভ করেছে ।**

*******************************************

**CM, Dental College :**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা আজ, পিএম-ডিভাইন প্রকল্পে আগরতলা সরকারি ডেন্টাল কলেজ ও আই জি এম হাসপাতালে থ্রি-ডি প্রিন্টিং সেন্টারের উদ্বোধন করেন। তাছাড়াও মুখ্যমন্ত্রী থ্রি-ডি প্রিন্টিং-এর উপর ডেন্টাল সার্জন ও কমিউনিটি হেলথ অফিসারদের দু-দিনের প্রশিক্ষণ কর্মসূচির সূচনা করেন। আগরতলা সরকারি ডেন্টাল কলেজ ও আই জি এম হাসপাতাল এবং ন্যাশনাল ওরাল হেলথ মিশনের যৌথ উদ্যোগে আগরতলা সরকারি নার্সিং কলেজের অডিটরিয়ামে এই অনুষ্ঠান হয়। মুখ্যমন্ত্রী বলেন, এধরণের থ্রি-ডি প্রিন্টিং সেন্টার উত্তর পূর্বাঞ্চল

জোনের মধ্যে আগরতলার সরকারি ডেন্টাল কলেজেই প্রথম স্থাপিত হয়েছে। এই কলেজকে আগামীদিনে শুধু উত্তর পূর্বাঞ্চলেই নয় দেশের মধ্যে একটি মডেল কলেজ হিসেবে গড়ে তুলতে সরকার বদ্ধপরিকর। কলেজের ফ্যাকাল্টিদের আধুনিক প্রযুক্তি ব্যবহারের পাশাপাশি দায়িত্বশীল ভূমিকা নেওয়ার উপর মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। মুখ্যমন্ত্রী বলেন, আগরতলা সরকারি ডেন্টাল কলেজের বিডিএস'র প্রথম বর্ষের পরীক্ষায় প্রথম ব্যাচের ছাত্রছাত্রীরা অত্যন্ত ভাল ফলাফল করেছে। তিনি বলেন আগামী বছর থেকে এই কলেজে আর্থিকভাবে দুর্বল অংশের ছাত্রছাত্রীদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থার উদ্যোগ নেওয়া হচ্ছে। তিনি বলেন, এই থ্রি-ডি প্রিন্টিং পরিষেবা চালু হওয়ার ফলে বহির্বিভাগে রোগীদের চাপও কমবে। মুখ্যমন্ত্রী বলেন, স্বাস্থ্য ও শিক্ষা রাজ্য সরকারের অগ্রাধিকারের ক্ষেত্রগুলির মধ্যে অন্যতম। কিডনি প্রতিস্থাপন সহ জটিল অস্ত্রপচার সফলভাবে রাজ্যে এখন সম্ভব হচ্ছে। রাজ্যে শিক্ষা ও স্বাস্থ্য হাব গড়তে রাজ্য সরকার উদ্যোগী হয়েছে।

অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, থ্রি-ডি প্রিন্টিং সেন্টার চালুর মাধ্যমে আগরতলা সরকারি ডেন্টাল কলেজে দন্ত চিকিৎসা পরিষেবায় আধুনিক সুবিধাগুলি উপলব্ধ হবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন এনইসি'র সায়েন্স এন্ড টেকনোলজি ডিরেক্টর তানুং জামো। স্বাগত ভাষণ দেন আগরতলা সরকারি ডেন্টাল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডঃ শালু রায়। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব রাজীব দত্ত। উপস্থিত ছিলেন জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা শাখার ম্যানেজিং ডিরেক্টর ড. সমিত রায় চৌধুরী, স্বাস্থ্য অধিকর্তা প্রফেসর (ডা.) সঞ্জীব দেববর্মা, স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা ডা. এইচ পি শর্মা, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস। অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরের স্বাস্থ্য সংবাদ নামক একটি পুস্তিকার আবরণ উন্মোচন

করা হয়। রাজ্যের বন্যা পীড়িতদের সাহায্যার্থে আগরতলা সরকারি ডেন্টাল কলেজের কর্মীগণ ৫০ হাজার ৫০০ টাকা মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে দান করেন।

******************************

**Oath-RS :**

উপরাষ্ট্রপতি ও রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখর আজ রাজ্যসভার দুই নবনির্বাচিত সদস্যকে শপথবাক্য পাঠ করান। তিনি আজ সংসদ ভবনে মিশন রঞ্জন দাস ও রাজীব ভট্টাচার্যকে শপথবাক্য পাঠ করান।

*************************

**IGM Heritage :**

আইজিএম হাসপাতালের ঐতিহ্যবাহী ভবনটি সংরক্ষণ করা হবে। এজন্য  পুরাতন ভবনের সংস্কারের কাজ হাতে নেওয়ার জন্য মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা আজ স্বাস্থ্য দপ্তরকে নির্দেশ দিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন, উজ্জয়ন্ত প্রাসাদ ও পুষ্পবন্ত প্রাসাদের মতো করেই এই ঐতিহ্যবাহী ভবনের সংরক্ষণের কাজ করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৮-৭৩ সালে মহারাজা বীরচন্দ্র মাণিক্য বাহাদুরের উদ্যোগে ৩০ শয্যাবিশিষ্ট এই হাসপাতালের যাত্রা শুরু হয়েছিল। বিংশ শতাব্দীর শুরুর দিকে ব্রিটিশ সরকার দেশের বিভিন্ন প্রান্তের রাজন্য শাসকদের আর্থিক অনুদান নিয়ে মহারাণী ভিক্টোরিয়ার স্মরণে বিভিন্ন স্মৃতিশৌধ নির্মাণের উদ্যোগ নেয়। তখনকার ত্রিপুরার মহারাজা রাধাকিশোর মাণিক্য বাহাদুর এই হাসপাতালের সংস্কার সাধন ও পরিবর্ধন করে সাধারণ রোগীর জন্য শয্যা সংখ্যা ৫৪টি ও সংক্রামক রোগীদের জন্য ১০ শয্যার ব্যবস্থা করেন এবং এই হাসপাতালের নামকরণ করেন 'ভিক্টোরিয়া মেমোরিয়াল হাসপাতাল'। মূল ভবনের চূড়ায় এই নামটি খোদিত হয় এবং তৎকালীন বাংলার ব্রিটিশ লেফটেন্যান্ট গভর্নর স্যার জন উডবার্ন এই নবরূপে পরিবর্ধিত ভিক্টোরিয়া মেমোরিয়াল

হাসপাতালের উদ্বোধন করেন ১৯০৪ সালে। পরবর্তীকালে ১৯৯০ সালে এই নাম পরিবর্তন করে হাসপাতালের নাম রাখা হয় 'ইন্দিরা গান্ধী মেমোরিয়াল হাসপাতাল।' বর্তমানে ৬০৮ শয্যাবিশিষ্ট আইজিএম হাসপাতালে আধুনিক চিকিৎসার মোটামুটি সব সুবিধাই রয়েছে।

******************************

**Dhalai-Oath :**

ধলাই জিলা পরিষদের নব নির্বাচিত সদস্য সদস্যরা আজ শপথ গ্রহণ করেছেন। আমবাসা টাউন হলে জিলা পরিষদের নয় জন নবনির্বাচিত সদস্য সদস্যাদের শপথ বাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসুন দে। এরপর জেলা সভাধিনেত্রী হিসেবে সুস্মিতা দাস ও সহকারী সভাধিপতি হিসেবে অনাদি সরকারকে শপথ বাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের সচিব সন্দীপ আর রাঠোর। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না দাস পাল।

***************************

**Oath-Khowai :**

খোয়াই নতুন টাউন হলে আয়োজিত এক অনুষ্ঠানে পঞ্চায়েত দপ্তরের সচিব ডঃ সন্দীপ আর রাঠোর খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী হিসেবে অপর্ণা সিংহ রায় ও সহকারী সভাধিপতি হিসেবে সত্যেন্দ্র চন্দ্র দাসকে শপথ বাক্য পাঠ করান। এর আগে খোয়াই জিলা পরিষদের নবনির্বাচিত ১৩ জন সদস্য সদস্যাদের শপথ বাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসুন দে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা এবং খোয়াই জেলার জেলা শাসক চাঁদনী চন্দ্রান।

****************************

**PM-JANMAN-Unakoti :**

ভারত সরকারের "প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান" বা PM-JANMAN বিষয়ে বিশেষ প্রচারাভিযান তথা বিশেষ শিবির আজ ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের অন্তর্গত পশ্চিম ডেমডুম S/B স্কুলে অনুষ্ঠিত হয়। এখানে আধার ও আয়ুষ্মান কার্ডের নথীভুক্তিকরণ, S/T এবং P.R.T.C কার্ড প্রদান সহ প্রাণী চিকিৎসার সুযোগ ইত্যাদি সুবিধাভোগীদের দেওয়া হয়। কুমারঘাট ব্লকের B.D.O ডক্টর সুদীপ ভৌমিক জানান, কুমারঘাট ব্লকের অন্তর্গত একুশটি জনপদ রিয়াং অধ্যুষিত। এসব এলাকায় বিশেষ শিবির করে পি,এম-জনমন এর অধীনে সুবিধাভোগীদের বিবিধ পরিষেবা দেওয়া হচ্ছে।

******************************

**PM-ANRF :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বৈশ্বিক সমস্যার স্থানীয় সমাধান খোঁজার ওপর জোর দিয়েছেন। প্রধানমন্ত্রী আজ নতুনদিল্লিতে নবগঠিত অনুসন্ধান ন্যাশনাল রিসার্চ ফাউন্ডেশন, ANRF এর প্রথম পরিচালন পর্ষদের সভায় সভাপতিত্ব করেন।

বৈঠকে প্রধানমন্ত্রী গবেষণা ক্ষেত্রে প্রতিবন্ধকতা চিহ্নিত করে এসব সমস্যাগুলির নতুন সমাধান খোঁজার দিকে মনোনিবেশ করতে বলেন।

প্রধানমন্ত্রী গবেষণা ও উদ্ভাবনের জন্য সম্পদের ব্যবহারের ক্ষেত্রে বৈজ্ঞানিক পর্যবেক্ষণের ওপর জোর দেন। তিনি বলেন, বৈজ্ঞানিকদের প্রচেষ্টার জন্য সম্পদের কোন অভাব হবে না। অটল টিঙ্কারিং ল্যাবগুলির গ্রেডিং করার পরামর্শ দেন প্রধানমন্ত্রী।

উল্লেখ্য, ANRF জাতীয় শিক্ষা নীতি ২০২০-র সুপারিশের ভিত্তিতে দেশের বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানগুলিতে গবেষণা এবং উদ্ভাবনের সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়েছিল।

**************************

**Reschedule of exam :**

২০২৪-২৫ শিক্ষাবর্ষের তৃতীয় থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ষান্মাসিক পরীক্ষার সময়সূচি পরিবর্তন করা হয়েছে। আগামী ২৪শে সেপ্টেম্বর থেকে তেসরা অক্টোবর পর্যন্ত অনুষ্ঠেয় এই পরীক্ষা বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের সুবিধার্থে আগামী ২২শে অক্টোবর থেকে ৩০শে অক্টোবর পর্যন্ত অনুষ্ঠিত হবে। বুনিয়াদী শিক্ষা দপ্তরের বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানা গেছে।

**************************

**Congress-Press Meet :**

বিধায়ক সুদীপ রায় বর্মণ আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন রাজ্যে ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তার জন্য কেন্দ্রীয় সরকার এখনো পর্যন্ত কোনো আর্থিক প্যাকেজ ঘোষণা করে নি। সম্প্রতি মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা মানিক সাহার ঘোষিত ৫৬৪ কোটি টাকার আর্থিক প্যাকেজের সমালোচনা করে শ্রী বর্মণ বলেন, এই প্যাকেজ ঘোষণার ব্যাপারে রাজ্য মন্ত্রিসভার কোনো অনুমোদন নেই। এই ধরনের প্যাকেজ সম্পূর্ণ বেআইনী। তিনি বন্যায় ক্ষতিগ্রস্তদের মধ্যে অবিলম্বে নগদ অর্থ পৌঁছে দেবার জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছেন।

শ্রী বর্মণ দপ্তর ভিত্তিক ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারনের জন্যও রাজ্য সরকারের কাছে দাবি জানান। সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ সাহা জানান এ আই সি সি র নুতন সচিব ক্রিষ্টফা তিলক। দুই দিনের সফরে আজ আগরতলায় এসেছেন। আগামীকাল তিনি প্রদেশ কংগ্রেস কমিটির বৈঠকে উপস্থিত থাকবেন।

*************************

**Releasing of documentary by Chief Justice :**

প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং আজ আগরতলায় ত্রিপুরা হাইকোর্টের অডিটরিয়ামে সচেতনতামূলক একটি ডকুমেন্টারি

ফিল্মের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে ভাষণে প্রধান বিচারপতি শ্রী সিং বলেন,  ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের কর্মকাণ্ড নিয়ে এই ডকুমেন্টারি ফিল্ম। নেশার কুপ্রভাব, বাল্যবিবাহ, এইডস সংক্রান্ত বিষয়েও সচেতনতা গড়ে তুলতে প্রয়াস নেওয়া হয়েছে এই ফিল্মের মাধ্যমে। এতে রাজ্যে সাম্প্রতিক বন্যার প্রভাবও দেখানো হয়েছে। অনুষ্ঠানের শুরুতে আলোচনা করেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি তথা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের এগজিকিউটিভ চেয়ারম্যান টি অমরনাথ গৌর। উপস্থিত ছিলেন বিচারপতি অরিন্দম লোধ, সব্যসাচী দত্ত পুরকায়স্থ, বিশ্বজিৎ পালিত প্রমুখ।

********************************

**ARDD-Sonamura :**

"মুখ্যমন্ত্রী প্রাণি সম্পদ বিকাশ যোজনা" কর্মসূচিতে আজ সোনামুড়া নগর পঞ্চায়েতের ১৩টি ওয়ার্ডের ১৫০ জন মহিলা সুবিধাভোগীর মধ্যে প্রায় ১৫০০টি ব্রয়লার মোরগ ছানা, ২ কেজি করে মোরগের খাদ্য ও ১টি করে খাঁচা প্রদান করা হয়। প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে সোনামুড়া নগর পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে এই সমস্ত সামগ্রী প্রদান করা হয়।

**************************

**CPIM :**

রাজ্যের বন্যা জাতীয় বিপর্যয় হিসাবে ঘোষণা করা, কাজ ও খাদ্যের দাবি সহ ৯ দফা দাবি নিয়ে আজ আগরতলায় পশ্চিম জেলার জেলাশাসকের কাছে ডেপুটেশন প্রদান করে সিপিএম পশ্চিম জেলা কমিটি। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সিটুর রাজ্য সভাপতি মানিক দে সম্পাদক শঙ্কর প্রসাদ দত্ত প্রমুখ।

**************************

**Krishak Sabha :**

বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের দ্রুত আর্থিক সহায়তা প্রদান ও রাজ্যের বন্যাকে জাতীয় বিপর্যয় হিসেবে ঘোষণার দাবি জানিয়েছে সারা ভারত কৃষক সভার রাজ্য কমিটি। সংগঠনের রাজ্য সম্পাদক পবিত্র কর জানান, গতকাল সারা ভারত কৃষক সভা রাজ্য কমিটির সভায় ১২ দফা দাবি সনদ গ্রহণ করা হয়। এই দাবিগুলি নিয়ে আগামী ২০শে সেপ্টেম্বর থেকে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যে সব জেলায় বিক্ষোভ কর্মসূচি সংগঠিত করা হবে। সভায় উপস্থিত ছিলেন সারা ভারত কৃষক সভার সহ-সভাপতি হান্নান মোল্লা, রাজ্য কমিটির সভাপতি অঘোর দেববর্মা প্রমুখ। সংগঠনের রাজ্য সম্পাদক শ্রী কর জানান, সারা ভারত কৃষক সভার কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে রাজ্যে ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য পাঁচ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

*************************

**Un-organised Workers Congress :**

অসংগঠিত শ্রমিক কংগ্রেসের একদিনের রাজ্য সম্মেলন আজ আগরতলা স্টুডেন্ট হেলথ হোমে অনুষ্ঠিত হয়। সম্মেলনের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অসংগঠিত শ্রমিক কংগ্রেসের সর্ব ভারতীয় চেয়ারম্যান তথা প্রাক্তন সাংসদ উদিত রাজ। তিনি তাঁর বক্তব্যে অভিযোগ করেন ত্রিপুরায় বিভিন্ন অসংগঠিত ক্ষেত্রে যে সমস্ত শ্রমিকরা কাজ করছে তারা ন্যায্য অধিকার পাচ্ছে না। রাজ্য সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, দলের বরিষ্ঠ নেতা শান্তি রঞ্জন দেবনাথ প্রমুখ।

***************************

**National Sub Junior Football :**

মধ্যপ্রদেশের নিমুচিতে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৪ বছরের বালিকাদের সাবজুনিয়র ফুটবলের গ্রুপের দ্বিতীয় ম্যাচে ত্রিপুরা বড় ব্যবধানে জয়লাভ করেছে। আজ অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১০-১ গোলে আন্দামান ও নিকোবর দলকে হারিয়ে দেয়। রাজ্যদলের পক্ষে ব্রিজিয়া দেববর্মা হ্যাটট্রিক সহ চারটি ও দলনায়িকা রামিকা রিয়াং হ্যাটট্রিক করে। এছাড়া খুম্পুই দেববর্মা দুটি ও জাহিনা চাকমা একটি গোল করে।

****************************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় রামকৃষ্ণ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় রামকৃষ্ণ ক্লাব ৩-০ গোলে টাউন ক্লাবকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামীকাল সকাল থেকে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে পশ্চিম জেলা, ধলাই, সিপাহীজলা, গোমতি ও দক্ষিণ জেলার বিভিন্ন স্থানে ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে চার দশমিক ৫ মিলিমিটার।

**************************